

২০২৪

বাংলা - এম.ডি.সি.

তৃতীয় সেমিস্টার

পত্র : MN-1

[ বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত) ]

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) চর্যাপদে প্রতিফলিত তৎকালীন বাংলার সমাজচিত্র সম্পর্কে আলোচনা করো। ১৫
- অথবা,
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচনাকাল ও বিষয়বস্তুর পরিচয় দিয়ে বাংলা সাহিত্যের ইতিহাসে কাব্যটির গুরুত্ব আলোচনা করো। ১৫
- ২। (ক) বৈষ্ণব পদাবলি সাহিত্যে বিদ্যাপতির প্রতিভার পরিচয় দাও। ১৫
- অথবা,
- (খ) 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদকের পরিচয় দিয়ে তাঁর কবিপ্রতিভার মূল্যায়ন করো। ৫+১০
- ৩। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের পটভূমি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে, 'মনসামঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবির কবিকৃতিত্বের পরিচয় দাও। ৫+১০
- অথবা,
- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে কবি দৌলত কাজীর অবদানের মূল্যায়ন করো। ১৫
- ৪। (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের নামকরণ বিষয়ক বিতর্ক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) বাংলা সাহিত্যের আদিপর্ব বলতে কোন সময়কে চিহ্নিত করা হয়? চর্যাপদ ছাড়া এই পর্বের কয়েকটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো। ২+৩
- ৫। (ক) টীকা লেখো— বৃন্দাবন দাস। ৫
- অথবা,
- (খ) টীকা লেখো— শ্রীকৃষ্ণবিজয়। ৫

Please Turn Over

(1563)

৬। (ক) শাক্ত কবি হিসাবে কবি রামপ্রসাদ সেনের পরিচয় দাও।

৫

অথবা,

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর ব্যক্তি পরিচয়টি সংক্ষেপে উল্লেখ করো।

৫

৭। পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) চর্যাপদের পুঁথি কে, কবে আবিষ্কার করেছিলেন?

(খ) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম লেখো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথির আবিষ্কর্তা কে?

(ঘ) কবি মালাধর বসুর উপাধি কী ছিল?

(ঙ) কবি কৃত্তিবাস ওঝা কোন শতকের কবি?

(চ) শ্রীকৃষ্ণবিজয় কাব্যের রচনাকাল এই কাব্যের কবি সুনির্দিষ্টভাবে উল্লেখ করেছিলেন, সেই রচনাকালটি কী?

(ছ) 'রাড়ের জাতীয় কাব্য' বলে কোন কাব্যকে অভিহিত করা হয়?

(জ) বিদ্যাপতির ভাবশিষ্যরূপে কোন কবিকে নির্দেশ করা হয়?

(ঝ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কার রচনা?

(ঞ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কতগুলি খণ্ড আছে?

(ট) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির রচয়িতা কে?

(ঠ) 'কবিকঙ্কন' কোন কবির উপাধি?

(ড) শাহ মুহম্মদ সগীর-এর বিখ্যাত কাব্যটির নাম কী?

(ঢ) ভারতচন্দ্রের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো।

(ণ) 'আগমনী' পর্যায়ের একজন কবির নাম লেখো।